

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
ঈশ্বরদী, পাবনা।

খাদ্যবাহক কর্মসূচির ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৪/১০/২০২৪ খ্রি.সরকার কর্তৃক জারিকৃত খাদ্যবাহক কর্মসূচি নীতিমালা-২০২৪ এবং খাদ্য মন্ত্রণালয়ের ১৪/১০/২০২৪ খ্রি. এর ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৭ নং স্মারকে খাদ্যবাহক কর্মসূচি ডিলার নিয়োগের জন্য জারিকৃত পরিপত্র এর অনুবৃত্তিক্রমে ৩০/১০/২০২৪ খ্রি. অনুষ্ঠিত খাদ্যবাহক কর্মসূচি কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক খাদ্যবাহক কর্মসূচির আওতায় ইউনিয়ন পর্যায়ে হতদরিদ্র জনগোষ্ঠীর মাঝে ভর্তুকী মূল্যে খাদ্যশস্য বিতরণের জন্য খাদ্যবাহক কর্মসূচির ডিলার নিয়োগ করা হবে। তৎপরিপ্রেক্ষিতে ঈশ্বরদী উপজেলাধীন ইউনিয়নসমূহের স্থায়ী বাসিন্দা হিসেবে বসবাসকারী যে কোন অগ্রহী ব্যক্তির নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে আগামী ২২/১১/২০২৪ খ্রি. অফিস চলাকালীন (সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা) সময়ের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে নির্ধারিত ফরম (পরিশিষ্ট-ক) অনুযায়ী আবেদন পত্র জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদন পত্র জমা নেওয়া হবে না।

-৪ ডিলার নিয়োগের শর্তাবলী :-

১. বাংলাদেশের জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত ১৮বছরের উর্ধ্ব ইউনিয়নের স্থায়ী যে কোন নাগরিক আবেদন করতে পারবেন;
২. আবেদনকারীর ইউনিয়নের বড় হাট/বাজারে নিজস্ব/ভাড়াদোকান থাকতে হবে;
৩. আবেদনকারীকে অবশ্যই ফুড গ্রাইন লাইসেন্স প্রাপ্ত ব্যবসায়ী হতে হবে এবং লাইসেন্স হালনাগাদ থাকতে হবে;
৪. ডিলার নিয়োগে অগ্রহী ব্যক্তিকে নির্দিষ্ট ফরমে (পরিশিষ্ট-ক) আবেদন করতে হবে। উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঈশ্বরদী, পাবনা হতে আবেদন ফরম এবং বিক্রয় কেন্দ্রের তালিকা সংগ্রহ করা যাবে।
৫. আবেদনকারীর দোকানের মেঝে অবশ্যই পাকা হতে হবে ও খাদ্যশস্য নিরাপদ স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষণের উপযোগী হতে হবে।
৬. আবেদনকারীর দোকান/সংযুক্ত গুদামে কমপক্ষে ১৫ (পনের) মে.টন খাদ্যশস্য সংরক্ষণের সুব্যবস্থা থাকতে হবে।
৭. আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল ও খাদ্যশস্য হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে এবং আবেদনকারীর ট্রেড লাইসেন্স থাকতে হবে।
৮. খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িক ভাবে বরখাস্তকৃত, কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান আবেদন করতে পারবেন না।
৯. কোন সরকারি কর্মচারি কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
১০. একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচির ডিলার হতে পারবেন না।
১১. বর্তমানে নিয়োজিত ডিলারগণ 'খাদ্যবাহক কর্মসূচি নীতিমালা-২০২৪' অনুসারে খাদ্যবাহক ডিলার হিসেবে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন;
১২. নির্বাচিত ডিলারের নিকট থেকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার ফেরত যোগ্য জামানত (পে-অর্ডার আকারে) এবং ৩০০/- (তিনশত) টাকার (পরিবর্তন যোগ্য) নন জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা (পরিশিষ্ট-খ) গ্রহণ করা হবে।
১৭. খাদ্যবাহক কর্মসূচির ডিলার নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয় পরিবর্তন/ পরিমার্জন/ বাতিল করার ক্ষমতা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং খাদ্যবাহক ডিলার নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;
১৮. অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে;
১৯. আবেদন পত্রের সাথে দাখিলযোগ্য সত্যায়িত কাগজপত্রাদি: ক) পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি, খ) ফুডগ্রাইন লাইসেন্স এর ফটোকপি, গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স এর ফটোকপি, ঘ) আর্থিক স্বচ্ছলতার সনদপত্র, ঙ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, চ) নাগরিকত্ব সনদের ফটোকপি, ছ) দোকানের মালিকানা/ ভাড়া সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি, জ) অঙ্গীকারনামা।

বি.দ্র. খামের উপরে আবেদিত কেন্দ্রের নাম, নিজ নাম, ঠিকানা ও মোবাইল নম্বর লিখতে হবে;

উপজেলা খাদ্যবাহক কর্মসূচি কমিটির অনুমোদনক্রমে এ নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হলো।

স্বাঃ

(মো: শাহিনুর আলম)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সদস্য সচিব

উপজেলা খাদ্যবাহক কর্মসূচি কমিটি

ঈশ্বরদী, পাবনা

স্মারক নং- ১৩.০১.৭৬৩৯.০০২.৫৭.০০৫.১৮.৭৬১

তারিখ : ০৭/১১/২০২৪ খ্রি.

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/সদয় জ্ঞাতার্থে কাযার্থে :

১. জেলা প্রশাসক, পাবনা
২. জেলা খাদ্য নিয়ন্ত্রক, পাবনা।
৩. উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরদী, পাবনা।
৪. উপজেলা কৃষি অফিসার, ঈশ্বরদী, পাবনা।
৫. উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, ঈশ্বরদী, পাবনা।
৬. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ঈশ্বরদী, পাবনা।
৭. উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ঈশ্বরদী, পাবনা।
৮. সভাপতি প্রেস ক্লাব, ঈশ্বরদী, পাবনা।
৯. চেয়ারম্যান/প্রশাসক সকল ইউনিয়ন পরিষদ, ঈশ্বরদী পাবনা
১০. প্রশাসনিক কর্মকর্তা সকল ইউনিয়ন পরিষদ, ঈশ্বরদী পাবনা
১১. নোটিশ বোর্ড, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সকল ইউনিয়ন পরিষদ ও অত্র দপ্তর।

১১/১১/২৪

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক